

পিডিএফ নিয়ে কাজ করার জন্য সেরা সব সফটঅয়্যার

মুহিত নোমান/muhitnoman71@gmail.com

দিন দিন পিডিএফ (পোর্টেবল ডকুমেন্ট ফরম্যাট) ডকুমেন্ট নিয়ে কাজ করার প্রয়োজন বাড়ছে। ওয়েব থেকে ডাউনলোড করা অনেক ফাইলই পিডিএফ-এ লেখা। এ কারণেই পিডিএফ ডকুমেন্টকে নিয়ে কাজ করা যায় এমন সফটঅয়্যারের খোঁজে থাকা মানুষের সংখ্যাও বাড়ছে। সেসব মানুষদের জন্যই এ লেখা। এখানে ওয়েব বিনামূল্যে প্রাপ্ত পিডিএফ অ্যাপি-কেশনগুলোর বিবরণ দেয়া হল। আশা করি কাজে আসবে অনেকের।

কখন আপনার দরকার পিডিএফ টুল?

আপনার যখন নিচের কাজগুলো করার দরকার হবে তখন একটি পিডিএফ সফটঅয়্যার সবচেয়ে বেশি কাজে আসবে:

* কোনো পিডিএফ ডকুমেন্টকে মার্জ, স্পি-ট করা বা পৃষ্ঠাকে নতুন করে সাজানো।
* পৃষ্ঠাগুলোকে ঘোরানো (rotate) বা কাঁটছাট (crop) করা।
* হেডার বা ফুটার যোগ করা।
* পৃষ্ঠা নম্বর অথবা জলছাপ যোগ করা।
* এনক্রিপ্ট বা ডিক্রিপ্ট করা।
* টেক্সট হাইলাইট করা বা টীকা সংযুক্ত করা।
* পিডিএফকে ইমেজে বা ইমেজকে পিডিএফ-এ রূপান্তর করা।
* পিডিএফকে টেক্সটএ বা টেক্সটকে পিডিএফ-এ রূপান্তর করা।
* পোস্টস্ক্রিপ্টকে পিডিএফ-এ রূপান্তর করা, ইত্যাদি।

প্রথমেই আসুন পরিচিত হয়ে নিই কিছু সাধারণ টুল-এর সঙ্গে যেগুলো পিডিএফ মার্জ, স্পি-ট ইত্যাদি করায় দক্ষ।

১। পিডিফিল পিডিএফ টুলস (PDFill PDF Tools)

ওয়েব ঠিকানা: www.techsupportalert.com/content/best-free-pdf-tools.htm#PDFill-PDF-Tools



পিডিএফ ডকুমেন্ট নিয়ে নানারকম কাজ করার জন্য এ সফটঅয়্যারের জুড়ি নেই। একাধিক ফাইলকে মার্জ করা, ডকুমেন্টের বিভিন্ন পৃষ্ঠাকে স্পি-ট করা বা নতুনভাবে সাজানো, রোটেট বা ক্রপ করা, হেডার/ফুটার যোগ করা ইত্যাদি সব কার্যকারিতাই রয়েছে এতে। পিডিএফ ফাইলে জলছাপ (watermark) বা ব্যাকগ্রাউন্ড ইমেজ যোগ করাও খুব সহজ। নিরাপত্তা সুবিধাসহ ফাইলকে এনক্রিপ্ট/ডিক্রিপ্ট করা, একাধিক পৃষ্ঠাকে এক পৃষ্ঠায় নিয়ে আসা, পিডিএফ ফাইলকে ইমেজে রূপান্তরও সম্ভব এই সফটঅয়্যার ব্যবহার করে।

২। পিডিএফটিকে বিল্ডার (PDFTK Builder)

ওয়েব ঠিকানা: www.techsupportalert.com/content/best-free-pdf-tools.htm#PDFTK



এটিও একটি শক্তিশালী সফটঅয়্যার হলেও পিডিফিল-এর মত অতটা নয়। দ্রুত নির্দিষ্ট পৃষ্ঠাগুলোকে মার্জ বা নতুনভাবে সাজানো এর প্রধান বৈশিষ্ট্য। এছাড়াও পৃষ্ঠা স্পি-ট, রোটেট, এনক্রিপ্ট/ডিক্রিপ্ট করাও এর শক্তিশালী দিক। এর বড় দুর্বলতা হল জলছাপ/ব্যাকগ্রাউন্ড যোগ করতে না পারা।

৩। জেপিডিএফ টুইক (jPDF Tweak)

ওয়েব ঠিকানা: www.techsupportalert.com/content/best-free-pdf-tools.htm#jPDF

আপনি যদি উপরের দুটি সফটঅয়্যারের চাইতেও ফিচারসমৃদ্ধ কোনো সফটঅয়্যারের খোঁজে থাকেন



তাহলে জেডিপিএফ টুইক ব্যবহার করতে পারেন। অবশ্য এটির ইউজার ইন্টারফেস পিডিএফ টিক বিল্ডার এবং পিডিফিল-এর মত এতটা ব্যবহার-বান্ধব হবে না। এর 'input' ট্যাবের অধীনে মার্জ, স্পি-ট এবং রিঅর্ডার ফাংশনগুলো পাওয়া যাবে, যাই বেছে নিন না কেন, ফলাফল পাওয়া যাবে 'output' ট্যাবের অধীনে। জেপিডিএফ টুইক-এ রোটেট, ওয়াটারমার্ক এবং একাধিক পৃষ্ঠা ফরম্যাট করার সুবিধা আছে। আছে পৃষ্ঠা সংখ্যা পরিবর্তন, প্রতিটি অধ্যায়ে ভিন্ন জলছাপ দেয়া এবং এনক্রিপ্ট করার সুবিধাও। একই সঙ্গে পিডিএফ ডকুমেন্টের সঙ্গে অ্যাটাচমেন্ট যোগ করা, ভিউয়ার প্রেফারেন্স সেট করা এবং শিরোনাম, লেখক, বিষয় এবং কিওয়ার্ড ইত্যাদি ডকুমেন্ট প্রপার্টিজ যুক্ত করার সুযোগও আছে এতে।

লিনাক্সের জন্য সাধারণ পিডিএফ টুল

লিনাক্স ব্যবহারকারীদের হাতে যদি পিডিএফ শাফলার (PDF Shuffler) থাকে তাহলে পিডিএফ ডকুমেন্টে পৃষ্ঠা পুনর্বিন্যাস করা, পিডিএফ ফাইল মার্জ এবং স্পি-ট করা এসব অনেকটাই সহজ হয়ে যাবে। পিডিএফ শাফলারে এক বা একাধিক পিডিএফ ফাইল ইমপোর্ট করার পর এসব পেজের থাম্বনেইল ছবি প্রদশন করা হবে যাতে করে আপনি সহজে এগুলো মার্জ, পুনর্বিন্যাস অথবা মুছতে পারেন। এছাড়া থাম্বনেইলের ওপর রাইট মাউস ক্লিক করে ফাইলকে রোটেট বা ক্রপ করা যাবে।

ডাউনলোড লিংক: www.techsupportalert.com/content/best-free-pdf-tools.htm#PDF-Shuffler

নির্দিষ্ট কাজের জন্য সফটঅয়্যার

এছাড়াও আরো বেশ কিছু ফ্রি সফটঅয়্যার আছে যেগুলো পিডিএফ নিয়ে নির্দিষ্ট কিছু কাজ করার জন্য খুব কার্যকর, যদিও উপরে বর্ণিত জেনারেল টুলগুলোর মত সব সুবিধা এগুলোতে পাওয়া যাবে না।

কোনো পিডিএফ ফাইল এডিট করতে চাইলে ওপেনঅফিস.অর্গ (OpenOffice.org)-এর অধীনে সান পিডিএফ ইমপোর্ট এক্সটেনশন ব্যবহার করে দেখতে পারেন। এর সাহায্যে পিডিএফ ডকুমেন্টকে ইমপোর্ট করে Draw-তে নিয়ে এসে এর লেআউটকে অবিকৃত রেখে নির্দিষ্ট কোনো অংশ এডিট করতে পারবেন। এছাড়াও এই এক্সটেনশন ব্যবহার করে PDF/ODF হাইব্রিড ফাইল থেকে শতভাগ লেআউট অবিকৃতি বজায় রেখে ওপেনঅফিসে পিডিএফ ডকুমেন্ট ইমপার্ট এবং মোডিফাই করতে পারবেন।

ডাউনলোড লিংক: extensions.services.openoffice.org/project/pdfimport।

পিডিএফ থেকে টেক্সটে কনভার্ট করার জন্য ব্যবহার করতে পারেন সাম পিডিএফ টু টেক্সট কনভার্টার (Some PDF to TXT Converter)। এটি টেক্সট এবং লেআউট অবিকৃত রাখে, ড্র্যাগ এন্ড ড্রপ, ব্যাচ কনভারসন ইত্যাদি সাপোর্ট করে এবং পিডিফ ফাইলকে এনক্রিপ্ট করতে পারে। ডাউনলোড লিংক: www.somepdf.com/some-pdf-to-txt-converter.html। একইভাবে ব্যবহার করে দেখতে পারেন **অ্যাডোব রিডার** (Adobe Reader)-এর সাম্প্রতিক ভারসনটিও। এটির সাহায্যে পিডিএফ-এর একটি কপিকে টেক্সট হিসেবে সেভ করে রাখা যায়। ডাউনলোড লিংক: get.adobe.com/reader।

ফ্রিওসিআর.নেট (FreeOCR.net) একটি স্ক্যান এন্ড ওসিআর (অপটিক্যাল কারেক্টার রিগকনিশন) সফটঅয়্যার, স্ক্যান করা পিডিএফ ফাইল থেকে টেক্সট বের করার জন্য যেটি দারুণ কার্যকর। এছাড়া স্ক্যান করা পিডিএফ ডকুমেন্ট থেকে ছবি সিলেক্ট করে সেটিকে ক্লিপবোর্ডে রাখা যাবে। ডাউনলোড লিংক: www.techsupportalert.com/content/best-free-pdf-tools.htm#FreeOCR। আপনি যদি অনলাইনে সল্যুশনের ব্যাপারে আগ্রহী হন তাহলে ব্যবহার করে দেখতে পারেন **ফ্রিওসিআর** (Free-OCR.com)। ডাউনলোড লিংক: www.free-ocr.com। পিডিএফ থেকে ওয়ার্ড/এক্সেল-এ কনভার্ট করতে চাইলে ব্যবহার করুন **সাম পিডিএফ টু ওয়ার্ড কনভার্টার** (Some PDF to Word Converter)। লাইন ব্রেক সরিয়ে ফেলা এবং অনুচ্ছেদ রেখে দেয়ার কাজটি এটি ভালভাবে করতে পারে। এচাড়াও এটি ব্যাচ কনভারসন এবং ফাইল এনক্রিপশন সাপোর্ট করে, ছবি রেখে দেয়, কিন্তু হাইপালিংক রাখে না। ডাউনলোড লিংক: www.techsupportalert.com/content/best-free-pdf-tools.htm#Some_PDF।

অনলাইনে কনভারশনের কাজটি সারতে চাইলে ব্যবহার করতে পারেন **পিডিএফ-টু-ওয়ার্ড কনভার্টার** (ডাউনলোড লিংক: www.pdftoword.com) এবং **পিডিএফ-টু-এক্সেল কনভার্টার** (ডাউনলোড লিংক: www.pdftoexcelonline.com/default.aspx)। আপনি যে ফাইলকে কনভার্ট করতে চান সেটি বাছাই করুন, বাটনে ক্লিক করুন। তাহলেই আপনার মেইলের ইনবক্সে এসে কনভার্ট করা ফাইলটি জমা হয়ে যাবে।

বিভিন্ন ফরম্যাটের ফাইলকে পিডিএফ-এ কনভার্ট করতে চাইলে আপনার দরকার হবে **৭-পিডিএফ মেকার** (7-PDF Maker)। এই শক্তিশালী সফটঅয়্যারটি যে কেবল ওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট, ওপেনাফিস, স্টারঅফিস, ম্যাথস এবং অটোক্যাড-এ তৈরি ফাইলকে কনভার্ট করতে পারে তাই নয়, একই সঙ্গে ইমেজ, টেক্সট এবং ওয়েবভিত্তিক ফাইলকেও পিডিএফ-এ কনভার্ট করে। ডাউনলোড লিংক: www.techsupportalert.com/content/best-free-pdf-tools.htm#7-PDF-Maker।

আপনি যদি **ওপেনঅফিস** (www.openoffice.org/product/writer.html) এবং **জার্টি**-র (www.jarte.com) মত অফিস অ্যাপি-কেশন ব্যবহার করেন, এগুলোতেও পিডিএফ-এ ফাইল এক্সপোর্ট করার সুযোগ আছে। **মাইক্রোসফট অফিস ২০০৭**-এও ডকুমেন্টকে পিডিএফ-এ রূপান্তর করার জন্য একটি অ্যাড-ইন আছে। ৭-পিডিএফ মেকার বা উপরোক্ত অফিস অ্যাপি-কেশন, যা-ই ব্যবহার করুন না কেন,



এগুলোতে মূল ডকুমেন্টের হাইপারলিংক এবং বুকমার্ককে কনভার্ট বা এক্সপোর্ট করা পিডিএফ ফাইলে সুন্দরভাবে সংরক্ষণ করা হয়। **বুলজিপ** (Bullzip)-এর মত ভার্চুয়াল পিডিএফ প্রিন্টারও ইনস্টল করতে পারেন, এই পিডিএফ প্রিন্টারের সাহায্যে টেক্সট বা অন্যান্য কনটেন্ট প্রিন্ট করার মাধ্যমেও পিডিএফ ফাইল তৈরি করতে পারবেন। তবে এটি করলে সাধারণত হাইপারলিংক ও বুকমার্ক মুছে যায়, অর্থাৎ যে পিডিএফ ফাইলটি তৈরি হবে তাতে বুকমার্ক বা হাইপারলিংক না পাবার সম্ভাবনাই বেশি। ডাউনলোড লিংক: www.bullzip.com।

যদি কেবল বিভিন্ন ইমেজ ফাইলকে পিডিএফ-এ কনভার্ট করতে চান তাহলে আপনার দরকার হবে **আইটুপিডিএফ** (i2pdf)। এটি খুবই শক্তিশালী একটি সফটঅয়্যার। সফটঅয়্যারটি ডাউনলোড এবং আনজিপ করার পর এর এক্সিকিউটেবল ফাইলটি রান করতে হবে। কোনোরকম ইনস্টলেশনের প্রয়োজন নেই। প্রোগ্রামটি খুবই ব্যবহার-বান্ধব এবং পোর্টেবল, যে ইমেজটিকে কনভার্ট করতে চান সেটিকে ড্র্যাগ এন্ড ড্রপ করুন প্রোগ্রাম উইন্ডোতে। এবার Build PDF বাটনটি ক্লিক করুন। ব্যস, কাজ শেষ। পেজ আউটপুট সেটআপের ক্ষেত্রে, পোর্ট্রেট এবং ল্যান্ডস্কেপ ইমেজকে পিডিএফ ফাইলে কনভার্ট করে ব-্যাংক পেপার মার্জিন ছাড়া এটিকে দেখতে চাইলে paperless ফরম্যাটটি বেছে নেয়া ভাল হবে। আইটুপিডিএফ-এর ডাউনলোড লিংক: www.techsupportalert.com/content/best-free-pdf-tools.htm#i2pdf। ফাইলকে অনলাইনেই পিডিএফ-এ কনভার্ট করতে চান? **৭-পিডিএফ ওয়েব পোর্টাল** (www.7-pdf.de/7-pdf-web-portal) এবং এরকম আরো অনেক ওয়েব সাইট আছে যেগুলো অনলাইনে নির্ঝঞ্ঝাটে ফাইলকে পিডিএফে কনভার্ট করে। এরকম ওয়েব সাইটের মধ্যে আরো আছে **কুল কনভার্টার** (www.koolwire.com/Default.aspx) এবং **ডকুমেন্ট কনভার্টার এক্সপ্রেস** (www.convert.neevia.com)।

পিডিএফ থেকে ইমেজ এক্সট্রাক্ট করতে চাইলে **সাম পিডিএফ ইমেজেস এক্সট্রাক্ট** (Some PDF Images Extract) একটি ভাল টুল। একই সঙ্গে একাধিক পিডিএফ ফাইল থেকে সমস্ত ইমেজকে এক্সট্রাক্ট করাও সম্ভব। অতঃপর এক্সট্রাক্ট করা এসব ইমেজকে jpg, bmp, png, tiff, gif অথবা tga ফরম্যাটে সেভ করাও যাবে। ডাউনলোড লিংক: www.somepdf.com/some-pdf-image-extract.html। পিডিএফ ডকুমেন্টে টীকা (অ্যানোটেশন) যোগ করতে চাইলে একটু সমস্যাই হবে, কারণ বেশির ভাগ সাধারণ পিডিএফ টুল এটি সাপোর্ট করে না। এজন্য আপনার দরকার হবে একটি বিশেষায়িত পিডিএফ টুল, যেমন - **পিডিএফ এক্সচেঞ্জ ভিউয়ার**। পিডিএফ এক্সচেঞ্জ ভিউয়ার দিয়ে হাইলাইটিং, ক্রসিং অথবা টেক্সট আন্ডারলাইন করা, বিভিন্ন আকৃতি আঁকা, স্ট্যাম্পিং ও একটি বিল্ট-ইন টাইপরাইটারের সাহায্যে পিডিএফ ফর্ম পূরণ এসবও করা যাবে। বোঝাই যাচ্ছে, নামে ভিউয়ার হলেও এটি কেবল পিডিএফ দেখার জন্যই নয়, খুবই কার্যকর একটি প্রোগ্রাম। ডাউনলোড লিংক: www.techsupportalert.com/content/best-free-pdf-tools.htm#PDF-XChange।

লিনাক্স ব্যবহারকারীদের জন্য একটি ভাল পছন্দ হতে পারে **ওকুলার** (www.okular.kde.org)। এর সাহায্যে টকা যোগ করা, হাইলাইটিং, রেখা ও



আকৃতি আঁকা, টেক্সটবক্স ও স্ট্যাম্প যোগ করা, ডকুমেন্টের নির্দিষ্ট একটি অংশকে টেক্সট বা ইমেজ ফরম্যাট হিসেবে সেভ করা ইত্যাদি কাজ স্বচ্ছন্দে করা সম্ভব। পূরণ করা যাবে এমন পিডিএফ ফরম তৈরি করতে চাইলে **পিডিএফএস্কেপ** (www.pdfescape.com) ব্যবহার করা যায়। টেক্সট, হোয়াইটআইট বা মৌলিক প্রতীক যোগ করার সুযোগও এতে আছে।

অন্যান্য

এছাড়া নিচের ফ্রি সফটঅ্যারগুলোও পিডিএফ সংক্রান্ত বিভিন্ন কাজ করে থাকে।

* **পিডিএফস্যাম (বেসিক)**-এ পিডিএফ মার্জ/এক্সট্রাক্ট, রোটে, স্পি-ট, পুনর্বিন্যাস ইত্যাদি করার জন্য পৃথক প-াগ-ইন পাওয়া যায়। লিংক: www.pdfsam.org/?page_id=32।

* শীল খান্না-র **পিডিএফ টুলস**-এর সাহায্যে একাধিক পিডিএফকে একত্র করা, স্পি-ট বা পুনর্বিন্যাস করা, এনক্রিপ্ট ও ডিক্রিপ্ট করা সম্ভব। এছাড়াও এক্সএমএল থেকে পিডিএফ-এ কনভার্ট করার জন্য একটি টুলও আছে এতে। লিংক: www.sheelapps.com।

* **জিআইওএস পিডিএফ স্পি-টার এন্ড মার্জার** দিয়ে ড্র্যাগ এন্ড ড্রপ বৈশিষ্ট্যের সাহায্যে ডকুমন্টেকে মার্জ ও স্পি-ট করা যায়। ডাউনলোড লিংক: www.paologios.com/products/?type=bin। ■